

**বেগম রোকেয়া
ভার্সিটিতে ভর্তি
পরীক্ষা শুরু**
দুই ভূয়া পরীক্ষার্থীর কারাদণ্ড

■ রংপুর প্রতিনিধি

গতকাল রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ২০১৪-১৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। এর মধ্যদিয়ে বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ২১টি বিভাগে মোট ১ হাজার ১শ' ৯৫টি আসনের বিপরীতে মোট ৯০ হাজার ৪শ' ২ জন শিক্ষার্থী অংশ নিচ্ছেন।

গতকাল সকাল সাড়ে ৯টায় কলা অনুষদ 'এ' ইউনিট, দুপুর সাড়ে ১২টায় সামাজিক বিজ্ঞান অনুষদ 'বি' ইউনিট এবং বিকাল সাড়ে ৩টায় বিজনেস স্টাডিজ অনুষদ 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

এদিকে দুপুরে 'বি' ইউনিটের পরীক্ষা চলাকালে প্রস্তুতিতে এসে আটক হয় ২ ভূয়া পরীক্ষার্থী। পরে তাদের ভ্রাম্যমাণ আদালতে সোপর্দ করা হলে আদালত ভূয়া পরীক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের ১ম বর্ষের ছাত্র মোঃ হাবিবুর রহমানকে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১ম বর্ষের ছাত্র আরিফুল ইসলামকে ৫ দিনের কারাদণ্ড প্রদান করে। দণ্ডপ্রাপ্তরা কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার মোজাম্মেল হকের পুত্র মাহফুজ ইসলাম এবং লাবিব নামের অপর এক পরীক্ষার্থীর হয়ে পরীক্ষা দিতে এসে কেন্দ্র পরিদর্শকের হাতে ধরা পড়েছে বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে।